তারিখ ... 01 OCT 1994 ...
পৃষ্ঠা ... কলাম ...

# পাঁচ শিক্ষা বোর্ডের ৬০ কর্মকর্তাকে বদলি

**চট্টগ্রাম, ৩০ সেপ্টেম্বর (নিজস্ব প্রতিনিধি)** ঃ দেশের পাঁচটি শিক্ষা বোর্ডের ৬০ জন কর্মকর্তাকে বদলি করা হয়েছে। বোর্ডসমূহে ব্যাপক অনিয়ম, দুর্নীতি, গতিহীনতার কারণে শিক্ষা মন্ত্রণালয় এ সিদ্ধান্ত নিয়েছে।

ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, যশোর, কুমিল্লা বোর্ডে কর্মরত এই ষাটজন বোর্ড কর্মকর্তাকে আবার বিভিন্ন কলেজে পোস্টিং দেয়া হয়েছে।

সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে, এসব কর্মকর্তা দীর্ঘদিন যাবৎ এই পাঁচটি বোর্ডে কর্মরত ছিলেন। এদের সঙ্গে একশ্রেণীর স্কুল ও কলেজের দুর্নীতিপরায়ণ — ব্যক্তিবর্গের একধরনের সম্পর্ক গড়ে ওঠে।